অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্ষুদ্র ব্যবসা আবর্তিত ঋণ তহবিল 2 এর মাধ্যমে 55.5 মিলিয়ন মার্কিন ডলার ক্ষুদ্র ঋণ উপলভ্য থাকার ঘোষণা করলেন

ফেডারেল স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের মাধ্যমে প্রদত্ত সম্প্রসারিত কর্মসূচিটি স্বল্পতর মেয়াদে ঋণ প্রদান করে এবং অসম মূলধন অ্যাক্সেসের সমাধান করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 55.5 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারিত ক্ষুদ্র ব্যবসা আবর্তিত ঋণ তহবিল (Small Business Revolving Loan Fund) এখন স্বল্পতর মেয়াদে ক্ষুদ্র ঋণ এবং নিয়মিত ঋণ প্রদান করার জন্য উপলভ্য আছে যা নতুন কোম্পানি, ব্যাংকের কম সুবিধা পাওয়া সম্প্রদায়সমূহ এবং ক্ষুদ্র ব্যবসা যেই আর্থিক ঘাটতির সম্মুখীন হয় তা পূরণের মাধ্যমে অসম মূলধন অ্যাক্সেসের সমস্যা সমাধান করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের নেতৃত্বে নিউ ইয়র্কের বৃহত্তর স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগ (State Small Business Credit Initiative, SSBCI) প্রয়াসের অংশ হিসেবে এই সম্প্রসারিত কর্মসূচিটি ক্রেডিট বা যথাযথ ঋণের শর্ত পেতে ঐতিহাসিক প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া ক্ষুদ্র,মাইক্রো এবং সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যক্তি মালিকানাধীন ব্যবসাসমূহের জন্য স্বল্প মেয়াদে মূলধন পাওয়ার সুযোগ সম্প্রসারণ করার মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ড চালনা করতে আর্থিক ঋণ মূলধনকে ব্যবহার করবে। এটি ক্ষুদ্র ব্যবসা আবর্তিত ঋণ তহবিলের সাফল্যের উপর ভিত্তি করে হচ্ছে, যা 2010 সালে 25 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিয়ে শুরু করে ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য প্রায় 280 মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদানে সক্ষম হয়েছে।

"নিউ ইয়র্কের আটানব্বই শতাংশ ব্যবসার 100 এর কম কর্মচারী রয়েছে এবং তারা আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি মুখ্য চালিকাশক্তি," **গভর্নর হোকল বলেন।** "ক্ষুদ্র ব্যবসা আবর্তিত ঋণ তহবিল 2 এইসব ক্ষুদ্র ব্যবসাকে, বিশেষ করে আমাদের সংখ্যালঘু ও নারী উদ্যোক্তাদের বলীয়ান করবে এবং ভবিষ্যতের অর্থনীতি গঠনে সাহায্য করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "আমাদের ক্ষুদ্র ব্যবসা সকল সফল হয়, তখন আমাদের সম্প্রদায় সফল হয়। ব্যবসাসমূহের সমৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং নিউ ইয়র্কের অর্থনীতির বর্তমান ও ভবিষ্যৎ প্রবৃদ্ধিতে সাহায্য করতে মূলধন প্রদান করার মাধ্যমে ক্ষুদ্র ব্যবসা আবর্তিত ঋণ তহবিল 2 আমাদের ক্ষুদ্র ব্যবসাসমূহকে সমর্থন করবে।"

একটি অংশগ্রহণকারী সম্প্রদায় বিকাশ আর্থিক প্রতিষ্ঠানের (Community Development Financial Institution, CDFI) মাধ্যমে ক্ষুদ্র ব্যবসা ধারের জন্য আবেদন করতে পারবে। কর্মসূচির ঋণদাতাগণ কর্মসূচির মূলধন এবং সেই সাথে অন্যান্য সংস্থান থেকে পাওয়া ম্যাচিং মূলধন ব্যবহার করে ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য উপলভ্য তহবিলকে আরো বৃদ্ধি করে। তহবিলের গতানুগতিক ব্যবহার হলো কার্যকর মূলধন, স্থাবর সম্পত্তির অধিগ্রহণ এবং/অথবা উন্নয়ন, মেশিনারি ও সরঞ্জামের অধিগ্রহণ, এবং কিছু ক্ষেত্রে বকেয়া দায়বদ্ধতার পুনরায় অর্থায়ন।

ক্ষুদ্র ঋণ (500 মার্কিন ডলার থেকে 25,000 মার্কিন ডলার পর্যন্ত ঋণ); এবং নিয়মিত ঋণ (সাধারণত 250,000 মার্কিন ডলার পর্যন্ত বড় বা ঋণদাতার উপর নির্ভর করে আরো বড়) প্রতি ঋণদাতার স্বতন্ত্র প্রস্তাবের উপর ভিত্তি করে বিভিন্ন সময়কালের জন্য উপলভ্য আছে।

কর্মসূচির ঋণদাতাগণ হলো ঋণগ্রহীতার জন্য প্রধান যোগাযোগের ক্ষেত্র, এবং প্রত্যেকের নিজস্ব ঋণ আবেদন প্রক্রিয়া ও ঋণ পণ্য রয়েছে। প্রতিযোগিতামূলক সুদের হার, সময়কাল এবং ফি স্বতন্ত্র কর্মসূচির ঋণদাতা কর্তৃক নির্ণীত হয়। ঋণদাতাগণ আবেদনপত্র এবং ক্রেডিট সিদ্ধান্তের জন্য দায়ী।

কর্মসূচির অংশগ্রহণকারী ঋণদাতাগণ হলো:

অ্যাডিরন্ড্যাক ইকোনোমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন: 1,000,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: এসেক্স, ফ্র্যাঙ্কলিন, হ্যামিল্টন, জেফার্সন, লুইস, সেইন্ট লরেন্স, ফুলটন, হারকাইমার, ওনিডা, ওসওয়েগো, সারাটোগা, ওয়ারেন, ওয়াশিংটন কাউন্টি

BOC ক্যাপিটাল কর্পোরেশন: 2,000,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: কুইন্স, কিংস, রিচমন্ড, নিউ ইয়র্ক, ব্রঙ্কস, ওয়েস্টচেস্টার, সাফোক এবং নাসাউ কাউন্টি

হার্লেম অন্ট্রোপ্রেনারিয়াল ফান্ড: 1,500,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: কুইন্স, কিংস, নিউ ইয়র্ক এবং ব্রঙ্কস কাউন্টি

NYBDC (dba পারসুইট লেন্ডিং): 3,000,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: স্টেটব্যাপী - সকল কাউন্টি

NYBDC লোক্যাল ডেভলপমেন্ট কর্পোরেশন (dba পারসুইট লেন্ডিং): 3,000,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: স্টেটব্যাপী - সকল কাউন্টি

রেনেসাঁ ইকোনোমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন: 4,000,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: ব্রঙ্কস, কিংস, নিউ ইয়র্ক, কুইন্স, রিচমন্ড, নাসাউ, সাফোক ডাচেস, অরেঞ্জ, পুটন্যাম, রকল্যান্ড, সালিভ্যান, আলস্টার, এবং ওয়েস্টচেস্টার কাউন্টি

সিরাকিউজ কোঅপারেটিভ ফেডারেল ক্রেডিট ইউনিয়ন: 500,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: ক্যাইয়ুগা, কর্টল্যান্ড, ম্যাডিসন, ওনোন্ডাগা এবং ওসওয়েগো কাউন্টি

ট্রুফান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস: 3,000,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: কুইন্স, কিংস, রিচমন্ড, নিউ ইয়র্ক, ব্রঙ্কস, ওয়েস্টচেস্টার, সাফোক, নাসাউ কাউন্টি

ওয়াশিংটন হাইটস এবং ইনউড ডেভেলপমেন্ট কর্পোরেশন: 100,000 মার্কিন ডলার
সেবার ক্ষেত্র: নর্দার্ন ম্যানহাটন যার মধ্যে নিউ ইয়র্কের ওয়াশিংটন হাইটস, ইনউড, এবং ওয়েস্টার্ন ব্রঙ্কস এবং ব্রঙ্কস কাউন্টি অন্তর্ভুক্ত

2023 সালের ফল মৌসুমজুড়ে বাড়তি ঋণদাতাগণ নাম লেখাবে বলে আশা করা যাচ্ছে।

স্টেটের সিনেটর শন এম. রায়ান বলেন, "স্বল্প পরিসরে শুরু করা ব্যবসাসমূহ নিউ ইয়র্কের অর্থনীতির সাফল্যের জন্য অত্যাবশ্যকীয়, তাই এখানে ব্যবসা করা মানুষের জন্য একটি আরো বন্ধুবৎসল জলবায়ু তৈরি করবে এমন কর্মসূচি তৈরি ও অর্থায়ন করার প্রতি অবিচল মনোযোগ বজায় রাখা আমাদের জন্য গুরুত্বপূর্ণ। ঋণ পাওয়ার অসম সুযোগ প্রায়শই ভবিষ্যৎ উদ্যোক্তাদের জন্য ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠা ও তা ধরে রাখা কঠিন করে তুলে। সেই ঘাটতি পূরণ করার মাধ্যমে, এই তহবিলটি সম্ভাব্য ক্ষুদ্র ব্যবসার মালিকদের জন্য একটি মুখ্য প্রতিবন্ধকতা অপসারণ করবে, নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং পুরো স্টেটে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি বি. ব্রনসন বলেন, "ক্ষুদ্র ব্যবসা আমাদের অর্থনীতির মেরুদণ্ড। আপগ্রেড, নিয়োগ ও কর্মী ধরে রাখা, এবং প্রবৃদ্ধির জন্য তহবিল পাওয়া প্রায়শই কষ্টসাধ্য একটি ব্যাপার। আমাদের ক্ষুদ্র উদ্যোক্তাদের ক্রমবর্ধমান দলকে নমনীয় তহবিল প্রদানের মাধ্যমে ক্ষুদ্র ব্যবসা আবর্তিত ঋণ তহবিল তা বদলে দিচ্ছে। এটি নিউ ইয়র্ক স্টেটকে আরো সমতার, বৈচিত্র্যময় এবং স্থিতিশীল অর্থনীতি তৈরিতে সাহায্য করবে যেখানে সকল ধরনের ক্ষুদ্র ব্যবসা নিজস্ব শর্তে সমৃদ্ধি করতে পারবে।"

স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগ সম্পর্কে
মার্কিন রেসকিউ প্ল্যান অ্যাক্টের মাধ্যমে স্টেট স্মল বিসনেস ক্রেডিট ইনিশিয়েটিভ (SSBCI) এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে ছোট ব্যবসার পুনরুত্থানকে সহায়তা করার জন্য ফেডারেল তহবিলে 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগ কর্তক পরিচালিত SSBCI সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যক্তি (SEDI) মালিকানাধীন ব্যবসা সহ ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য কর্মসূচিগুলোকে সহায়তা করার জন্য এবং খুব ছোট ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানগুলিকে (VSB), কোভিড-19 এর অর্থনৈকিত প্রভাব থেকে মুক্ত করতে এবং মহামারী পরবর্তী অর্থনীতিতে তাদের সফল হওয়ার সুযোগ করে দিতে তহবিল প্রদান করে। এই তহবিলের সাহায্যে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) নিউ ইয়র্ক স্টেটের ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানগুলোকে বৃদ্ধি ও সফল হতে সহায়তা করার জন্য মূলধন অ্যাক্সেস ও ইক্যুইটি কর্মসূচিগুলোর একটি স্যুট তৈরি করেছে। নিম্নলিখিত SSBCI কর্মসূচিগুলো সম্পর্কে জানুন যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে esd.ny.gov/ssbci এ প্রতিষ্ঠিত করেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন